

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নবাবগঞ্জ, দিনাজপুর।

স্মারক নং- ৩১.০২.২৭৬৯.০০০.০০৩.০১৪.২০২২- ২২২(৫০)


তারিখ: ০৭ ফাল্গুন, ১৪২৮ বঙ্গাব্দ
২০ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিস্টাব্দ

“১৪২৯-১৪৩১ বাংলা সনের সরকারি জলমহাল বন্দোবস্ত/ইজারা বিজ্ঞপ্তি”

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নবাবগঞ্জ উপজেলাধীন সরকারি বন্ধ জলাশয়/জলমহাল/পুকুর (২০ একর পর্যন্ত) বাংলা ১৪২৯-১৪৩১ সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা-২০০৯ ও ২০১২ এর বিধান মোতাবেক বন্দোবস্ত/ ইজারা প্রদানের নিমিত্তে নির্ধারিত শর্ত সাপেক্ষে আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমিতির নিকট হতে www.land.gov.bd অথবা lams.gov.bd অথবা উপজেলা ভূমি অফিস, নবাবগঞ্জ, দিনাজপুর থেকে অনলাইনে আবেদন পূরণ পূর্বক আবেদনের মূল কপিসহ সীলমোহরকৃত ইজারা আবেদন আহবান করা যাচ্ছে। অনলাইনে আবেদন দাখিল ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না। সিডিউল এর মূল্য ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরত যোগ্য) জলমহালের নির্ধারিত ১-৪৬৩১-০০০০-১২৬১ নম্বর কোডে জমা প্রদানপূর্বক চালানোর মূল কপি নিম্নে উল্লেখিত তারিখে অফিস চলাকালীন সময়ের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও উপজেলা ভূমি অফিস, নবাবগঞ্জ, দিনাজপুর হতে নির্ধারিত আবেদন ফরম পূরণ করা যাবে। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও উপজেলা ভূমি অফিস, নবাবগঞ্জ, দিনাজপুরে নির্ধারিত সময়সূচী মোতাবেক আবেদন দাখিল করা যাবে। আবেদন দাখিলের তারিখে কোন আবেদন ফরম পূরণ করা হবে না। যে কোন আবেদন গ্রহণ/বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

ক্যালেন্ডার/সময়সূচী

দরপত্র আবেদনের তারিখ ও সময় (১)	অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে দাখিলের তারিখ ও সময় (২)	অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাইয়ের তারিখ ও সময় (৩)	উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপনের তারিখ (৪)	ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন (৫)
২৩/০২/২০২২ ইং (১০ ফাল্গুন) হতে ২৮/০২/২০২২ ইং (১৫ ফাল্গুন) এর মধ্যে	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নবাবগঞ্জ, দিনাজপুর ০১/০৩/২০২২ ইং (১৬ ফাল্গুন) হতে ০৩/০৩/২০২২ ইং (১৮ ফাল্গুন) এর মধ্যে (সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত)	১০/০৩/২০২২ ইং (২৫ ফাল্গুন) এর মধ্যে	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নবাবগঞ্জ, দিনাজপুর ১৫/০৩/২০২২ ইং (৩০ ফাল্গুন) এর মধ্যে	২০/০৩/২০২২ ইং (০৫ চৈত্র) এর মধ্যে
উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারা গ্রহীতাকে অবহিতকরণ (৬)	ইজারা গ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে ইজারামূল্য জমা প্রদান (৭)	ইজারা গ্রহীতার সাথে ইজারা চুক্তি সম্পাদন (৮)	ইজারা গ্রহীতাকে জলমহালের দখল হস্তান্তর বুঝিয়ে দেওয়া (৯)	
২৪/০৩/২০২২ ইং (১০ চৈত্র) এর মধ্যে	২৯/০৩/২০২২ ইং (১৫ চৈত্র) এর মধ্যে	০৭/০৪/২০২২ ইং (২৫ চৈত্র) এর মধ্যে	১৪/০৪/২০২২ ইং (১লা বৈশাখ)	



(অনিমেষ সোম)
আহবায়ক

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি

ও

উপজেলা নির্বাহী অফিসার
নবাবগঞ্জ, দিনাজপুর।